গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
আইন ১ ও ২ শাখা

স্মারক নং ৪৫.১৫২.০১৬.১৬.০০.০০.২০১০-২৯৫ তারিখ- ০৬.১১.২০১৯খ্রিঃ

সংশোধিত পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন সকল দপ্তর/সংস্থার আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগসহ ঢাকাস্থ প্রশাসনিক ট্রাইব্যুনাল সমূহ ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে বিচারাধীন মামলা সমূহ যথাযথভাবে সরকারের পক্ষে পরিচালনা ও তদারকির জন্য মোট ৩(তিন) জন বেসরকারি এ্যাডভোকেট (প্যানেল আইনজীবী) নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

(ক) আইন পেশায় নিয়োজিত আগ্রহী প্রার্থীদের (১) নাম, (২)পিতার নাম, (৩) স্থায়ী ঠিকানা, (৪) বর্তমান ঠিকানা, (৫) জন্ম তারিখ, (৬) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক সদ্যতোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবিসহ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ১০ (দশ) দিনের মধ্যে (অফিস সময় সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা) সহকারী সচিব ও সদস্য-সচিব "বেসরকারি এ্যাডভোকেট (প্যানেল আইনজীবী)নিয়োগ কমিটি" ২৫ নং টিন সেড ভবন, কক্ষ-২, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ বরাবরে আবেদন পত্র ডাকযোগে প্রেরণ করতে হবে। যোগ্যতাসম্পন্ন অবসরপ্রাপ্ত বিজ্ঞ জেলা জজগণও আবেদন করতে পারবেন।

(খ) আবেদনের সাথে বার কাউন্সিলের সনদপত্রসহ সকল পরীক্ষায় পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(গ) আবেদনের শেষ তারিখে প্রার্থীদের বয়স ন্যূনতম ৪০ বছর হতে হবে।

(ঘ) প্রার্থীদেরকে প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে কমপক্ষে ১২ (বার) বছরের মোকদ্দমা পরিচালনা/ হাইকোর্ট বিভাগে মোকদ্দমা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। ইতোপূর্বে সরকারের পক্ষে (বিজ্ঞ এএজি/ডিএজি ও অন্যান্য) মামলা পরিচালনার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ এবং প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল ও আপিল বিভাগে মামলা পরিচালনার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

(ঙ) আবেদনের সাথে পত্র প্রাপ্তির ঠিকানা ও ১০.০০ টাকা মূল্যমানের টিকেটসহ একটি ফেরত খাম দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না।

(চ) নির্বাচিত বিজ্ঞ আইনজীবীগণ স্বাস্থ্য সেবা বিভাগের আইন অনুবিভাগের তত্ত্বাবধানে হাইকোর্ট ও আপিল বিভাগ, প্রশাসনিক ট্রাইব্যুনাল (ঢাকাস্থ) ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে সরকার কর্তৃক নিয়োজিত বিজ্ঞ আইনজীবীদের সঙ্গে সমন্বয় করে, প্রয়োজনে এ অনুবিভাগের নির্দেশনানুসারে স্বাধীনভাবে, মামলাধীন দপ্তর/ সংস্থার সঙ্গে প্রত্যক্ষ আলাপের ভিত্তিতে মোকদ্দমা পরিচালনা করতে হবে। তাঁরা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বা সরকারের স্বার্থ বিরোধী কোন মামলা পরিচালনা করতে পারবেন না। তাছাড়া , নিয়োগ পত্র/ চুক্তি পত্রে বর্ণিত অন্যান্য শর্তবলীও তাঁদের প্রতিপালন করতে হবে।

(ছ) মনোনীত বেসরকারি এ্যাডভোকেটগণকে (প্যানেল আইনজীবী)প্রাথমিকভাবে ২(দুই) বছরের জন্য অস্থায়ীভাবে নিয়োগ দেয়া হবে।

(জ) নিয়োজিত বিজ্ঞ বেসরকারি আইনজীবীগণ (প্যানেল আইনজীবী) নিম্নবর্ণিত ভাতাদি বিধিমতে প্রাপ্য হবেন-

ক্রনং	খরচ সংক্রান্ত বর্ণনা	প্রস্তাবিত ফিস এর পরিমান			
		প্রশা: ট্রাইব্যুনাল/ প্রশা: আপিল ট্রাইব্যুনাল	হাইকোর্ট	সুপ্রিমকোর্ট	মন্তব্য
(ক)	কষ্ট অব পাওয়ার	প্রকৃত ব্যয়	প্রকৃত ব্যয়	প্রকৃত ব্যয়	
(খ)	পাওয়ার দাখিল	১০০০/-	২,০০০/-	৩,০০০/-	নির্ধারিত
(গ)	মামলার আর্জি / লিখিত জবাব (অনুচ্ছেদ ভিত্তিক জবাব) প্রস্তুত ও দাখিল	৫,০০০(প্রস্তুত) ২,০০০/(দাখিল)	৭,০০০/-(প্রস্তুত) ৩,০০০/-(দাখিল)	১২,০০০/-(প্রস্তুত) ৫,০০০/-((দাখিল)	মামলা প্রতি

(ঘ)	মামলার আর্জি বা জবাব সংশোধন/ এফিডেভিট ইন অপজিশন/কাউন্টার এফিডেভিট/সাপ্লিমেন্টারী এফিডেভিট/ এইফডেফিট ইন কমপ্লায়েন্স ইত্যাদি প্রস্তুত এবং তা আদালতে দাখিল	৪,০০০/-(প্রশা: ট্রাই:) ৬,০০০/- (প্রশা: আ: ট্রাই:)	৫,০০০/-(প্রস্তুত) ২,০০০/-(দাখিল)	১০,০০০/- (প্রস্তুত) ৫,০০০/-(দাখিল)	,,
(ঙ)	মামলা কজলিস্টে থাকা সত্ত্বেও বিজ্ঞ আইনজীবী উপস্থিত থাকার পর মামলা শুনানি না হলে প্রতিদিনের Appearnce fee	মামলা প্রতি ১,০০০/- (একদিনে সর্বোচ্চ ২,০০০/-)	মামলা প্রতি ২,০০০/-(একদিনে সর্বোচ্চ ৩,০০০/-)	মামলা প্রতি ৩,০০০/- (একদিনে সর্বোচ্চ ৫,০০০/)	
(চ)	প্রতি শুনানি দিবসের জন্য আইনজীবীর ফিস — সাধারণ শুনানি	২,০০০/-(মামলা প্রতি) ০২ টির অধিক হলে ০১ দিনে সর্বোচ্চ ৪,০০০/-	৩,০০০/- (মামলা প্রতি), ০২টির অধিক শুনানী হলে ০১ দিনে সর্বোচ্চ ৬,০০০/-	৫,০০০/- (মামলা প্রতি), ০১ দিনে সর্বোচ্চ ৮,০০০/-	
	চূড়ান্ত শুনানি/নিষ্পত্তি শুনানি	৪,০০০/-(মামলা প্রতি), ০১ দিনে সর্বোচ্চ ৬,০০০/-	৫,০০০/-(মামলা প্রতি) ২ টির অধিক হলে ০১ দিনে সর্বোচ্চ ৮,০০০/-	১৫,০০০/-	
(ছ)	রায় ঘোষনার সময় আদালতে উপস্থিতি	মামলা প্রতি ১০০০/- (এক দিনে সর্বোচ্চ ২,০০০/-)	মামলা প্রতি ২০০০/-(একদিনে সর্বোচ্চ ৩,০০০/-	৩০০০/(এক দিনে সর্বোচ্চ ৫,০০০/-)	
(জ)	মাননীয় আপিল বিভাগে আপিল মামলা দায়েরের জন্য প্রভিশনাল লিভ পিটিশন/ আপিল মামলা দায়েরের জন্য পেপার বুক প্রস্তুত পূর্বক লিভ পিটিশন/আপিল মামলা দায়ের (ফি ও অন্যান্য খরচ)			১২,০০০/-(লিভ পিটিশন) ২৫,০০০/- (আপিল মামলা)	পরবর্তী প্রতি বহির জন্য ৪,০০০/- টাকা এবং এ ও আর এর খরচ- ৫০০০/-
(ঝ)	মাননীয়প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে আপিল মামলা দায়ের সংক্রান্ত খরচ(জবাব প্রস্তুত ও অন্যান্য)	৬,০০০/-(প্রস্তুত) ৩,০০০/-(দাখিল)			
(ঞ)	স্থগীতাদেশ প্রত্যহারের জন্য বিশেষ সম্মানী	৪০০০/-	৫,০০০/-	৮,০০০/-	
(ট)	জুডিশিয়াল স্ট্যাম্প/ কোর্টফি/ তলবানা/	প্রকৃত খরচ	প্রকৃত খরচ	প্রকৃত খরচ	
(ঠ)	মামলার আর্জি/ লিখিত জবাব/ পেপার বুক (টাইপিং কম্পোজ এবং কাগজসহ অন্যান্য খরচ)	১,০০০/-	২,০০০/-	২,৫০০/-	মামলা প্রতি
(ড)	সিভিল মিসিলিনিয়াস পিটিশন (সিএমপি) এবং রিভিউ মামলা প্রস্তুত ও দাখিল করবার ফি ও খরচাদি		১০,০০০/-	১৫.০০০/-	মামলা প্রতি
(ঢ)	সেকশন খরচা ও অন্যান্য খরচ	১,০০০/-	২,০০০/-		নির্ধারিত(মাসিক)
(ণ)	জুনিয়র আইনজীবী/কেরানী (মুহরী)/পিয়ন ইত্যাদি				অনু:খ/গ/ঘ/ঙ/চ/ছ/জ/ঝ/থ এর ১৫% (প্রযোজ্য ক্ষেত্রে)
(ত)	ভ্যাট	বিভাগ কর্তৃক পরিশোধ্য	বিভাগ কর্তৃক পরিশোধ্য	বিভাগ কর্তৃক পরিশোধ্য	

(থ)	আইনগত মতামত প্রদান	৪,০০০/-	৬,০০০/-	৮,০০০/-	মতামত প্রতি
(দ)	জরুরি অপ্রত্যাশিত খরচ				আলোচনা ও প্রমান সাপেক্ষে অনুমোদন।

(ঝ) প্রাপ্ত আবেদন সমূহের মধ্য হতে স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক প্রাথমিকভাবে সর্বোচ্চ যোগ্যতা সম্পন্ন প্রার্থী বাছাই করা হবে। প্রাথমিক বাছাইয়ে যোগ্য প্রার্থীগণকে সাক্ষাৎকার গ্রহণের জন্য আমন্ত্রণ জানিয়ে পত্র প্রেরণ করা হবে। সাক্ষাৎকারের জন্য কোন ভাতা প্রদান করা হবে না।

(ঞ) সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে চূড়ান্তভাবে বাছাইকৃত ৩(তিন) জন প্রার্থীকে নিয়োগ পত্র প্রদান করা হবে।

(ট) নিয়োগ প্রদানের পূর্বে কর্তৃপক্ষ নিয়োগ সম্পর্কিত কার্যক্রম স্থগিত বা বাতিল করার সকল ক্ষমতা সংরক্ষণ করেন।

ইমান আলী
৬/১১/১৭
(মোঃ ইমান আলী)
সহকারী সচিব ও সদস্য সচিব
বেসরকারী আইনজীবী (প্যানেল আইনজীবী) নিয়োগ কমিটি
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ফোন- ৯৫৪০৪৯৩

সিস্টেম এনালিষ্ট
কম্পিউটার সেল
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।

অনুলিপিঃ
১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।